



সীমান্তে পুশইন ঠেকাতে বিজিবিকে সতর্ক থাকার নির্দেশ: স্বরাষ্ট্রমন্ত্রী



সচিবালয়ে এক সভা শেষে সাংবাদিকদের ব্রিফ করেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ছবি: বাসস

সীমান্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশ ও ‘পুশইন’ প্রতিরোধে বর্ডার গার্ড বাংলাদেশকে (বিজিবি) সর্বোচ্চ সতর্ক অবস্থানে থাকার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, সীমান্ত নিরাপত্তা নিশ্চিত বিজিবি সবসময় তৎপর রয়েছে এবং যেকোনো পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত আছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি, পশুরহাটের নিরাপত্তা ও সার্বিক প্রস্তুতি নিয়ে অনুষ্ঠিত সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের বিষয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, এ ধরনের কোনো উদ্যোগ নেওয়া হলে তা দুই দেশের মধ্যে কূটনৈতিক আলোচনার মাধ্যমেই সিদ্ধান্ত হবে। তিনি বলেন, ভারত সরকার আনুষ্ঠানিকভাবে কিছু জানালে তখন বিষয়টি আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

তিনি আরও বলেন, প্রতিবেশী দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক বিষয় বা নির্বাচন বাংলাদেশের ওপর কোনো সাম্প্রদায়িক প্রভাব ফেলবে—এমন আশঙ্কার সুযোগ নেই। বাংলাদেশে পারস্পরিক সম্মান ও সার্বভৌম সমতার ভিত্তিতে বন্ধুপ্রতিম দেশগুলোর সঙ্গে সম্পর্ক বজায় রাখছে বলেও উল্লেখ করেন তিনি।

ঈদযাত্রা নির্বিঘ্ন করতে ফিটনেসবিহীন যানবাহন চলাচল বন্ধ, মহাসড়কের ক্ষতিগ্রস্ত অংশ দ্রুত সংস্কার এবং ফেরি ও লঞ্চ যাত্রী ও পশু পরিবহনে হারানি রোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

সরকারের নেওয়া প্রস্তুতির কারণে এবারের ঈদ শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপন করা সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।